

## চ্যালেঞ্জ নিয়ে কাজ করছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

- **বাজেট বরাদ্দ :** কঠিন চ্যালেঞ্জ নিয়ে কাজ করে যাচ্ছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। মাদক আত্মসন ঠেকাতে আগের থেকে বরাদ্দ বাড়ানো হলেও বিপুল জনসংখ্যার বাস্তবতায় আরও বাজেট বরাদ্দ প্রয়োজন। বিশেষ করে মাদকের কুফল সম্পর্কে প্রচার-প্রচারণার মাধ্যমে জনসচেতনতামূলক অধিক কর্মসূচি পালনের জন্য বরাদ্দ বাড়তে হবে।
- **জনবল :** অত্যাধুনিক বিভিন্ন যন্ত্রপাতি ও জনবলের অভাব রয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমোদিত জনবল ৩০৫৯ জন থাকলেও বর্তমানে কর্মরত ১,৯০১ জন কর্মকর্তা-কর্মচারী। দেশে মাদকের ব্যাপকতা ও প্রাদুর্ভাবের তুলনায় অধিদপ্তরে জনবল খুবই অপ্রতুল। প্রায় ১৮ কোটি মানুষের দেশে মাদক অপরাধের মতো মারাত্মক অপরাধ মোকাবিলায় অধিদপ্তরের জনবল স্বল্পতা একটি বড় চ্যালেঞ্জের সৃষ্টি করেছে। প্রতি ২,০০,০০০ জনের বিপরীতে মাত্র ১ জন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মচারী নিয়োজিত। এত স্বল্প জনবল নিয়ে মাদকের মতো ভয়ঙ্কর বৈশ্বিক সমস্যা মোকাবিলা করা কঠিন।
- **দক্ষতা :** মাদক অপরাধ দমনে বিশেষ তাত্ত্বিক, পেশা ও প্রযুক্তিনির্ভর জ্ঞান-দক্ষতা বাড়ানো এখন সময়ের দাবি। মাদক অপরাধ দমনের ক্ষেত্রে বিশেষ তাত্ত্বিক, পেশা ও প্রযুক্তিনির্ভর জ্ঞান ও দক্ষতার বিশেষ প্রয়োজন।
- **সমন্বয় :** মাদকদ্রব্য নিয়ন্ত্রণে নিয়োজিত আন্তঃবাহিনী ও সংস্থার সমন্বয় নিশ্চিত করা বড় চ্যালেঞ্জ। মাদকদ্রব্য নিয়ন্ত্রণের ক্ষেত্রে চাহিদা হ্রাস, সরবরাহ হ্রাস এবং ক্ষতি হ্রাসের বহুমুখী ও বিচিত্র কাজে প্রায় ১১টি মন্ত্রণালয় জড়িত। এদের মধ্যে সুসমন্বয় প্রয়োজন।
- **নতুন মাদক :** প্রতিনিয়ত নিত্যনতুন মাদকের আবির্ভাব ঘটছে। সিনথেটিক ও সেমি-সিনথেটিক জাতীয় ড্রাগস (ইয়াবা, কিটামিন, ক্রিস্টাল আইস, এলএসডি)-এর অনুপ্রবেশ নিয়ে সৃষ্টি হয়েছে নতুন ভাবনার। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভিন্ন গবেষণা সেল ভয়ঙ্কর এ মাদক ঠেকাতে এবং প্রতিবেশী দেশগুলোর সঙ্গে বিশাল সীমান্তবর্তী এলাকা হয়ে মাদকদ্রব্যের অনুপ্রবেশ রোধের কৌশল নিয়েও কাজ করছে।
- **ইয়াবার আত্মসন :** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ তথা দেশবাসীর জন্য বর্তমানে অন্যতম বড় চ্যালেঞ্জ হচ্ছে ইয়াবা নামক মাদকটির প্রসার রোধ করা। এর বিস্তার শহর থেকে গ্রাম পর্যন্ত ঘটেছে। ইয়াবা বহন করা সহজসাধ্য বিধায় এর বিস্তার দ্রুত বৃদ্ধি পাচ্ছে। বিভিন্ন শ্রেণির শিক্ষা প্রতিষ্ঠানে ইয়াবার প্রসার ঘটেছে। শুধু ছেলেরা নয়, মেয়েরাও ইয়াবায় আসক্ত হচ্ছে এবং ইয়াবা ব্যবসায় জড়িয়ে পড়ছে।